এ কী সুগন্ধহিল্লোল বহিল
আজি প্রভাতে, জগত মাতিল তায় ॥
হৃদয়মধুকর ধাইছে দিশি দিশি পাগলপ্রায় ॥
বরন-বরন পুষ্পরাজি    হৃদয় খুলিয়াছে আজি,
সেই সুরভিসুধা করিছে পান
পূরিয়া প্রাণ, সে সুধা করিছে দান—
সে সুধা অনিলে উথলি যায় ॥

---

Parjaay: Puja, Taal: Jhaptaal, Raag: Mishra Jogia

Visit www.geetabitan.com for notation and other detail